# জগন্নাথ বিশ্ববিদ্যালয়

# স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে ভর্তি নির্দেশিকা

## শিক্ষাবর্ষ: ২০২০-২০২১

**http://admission.jnu.ac.bd**

ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের সার্বিক ভর্তি প্রক্রিয়া সুষ্ঠু ও নিখুঁতভাবে সম্পাদনের জন্য ভর্তি নির্দেশিকাটি অত্যন্ত মনোযোগ সহকারে পড়া অত্যাবশ্যক।

# জগন্নাথ বিশ্ববিদ্যালয়

## স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে ভর্তি নির্দেশিকা

### শিক্ষাবর্ষ: ২০২০-২০২১

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে ভর্তির জন্য নিম্নোক্ত যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থীদের নিকট থেকে অনলাইনে (http://admission.jnu.ac.bd) আবেদন আহ্বান করছে।

***আবেদনের যোগ্যতা:*** GST (General, Science & Technology) গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষ সমন্বিত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী ২০১৭ বা ২০১৮ সালে এসএসসি/সমমান এবং ২০২০ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

| ইউনিট/বিভাগ | যে সকল শাখার শিক্ষার্থী আবেদন করতে পারবে | ন্যূনতম যোগ্যতা |
|---|---|---|
| ইউনিট-A (বিজ্ঞান শাখা) | বিজ্ঞান, মাদ্রাসা (বিজ্ঞান), ভোকেশনাল (এইচএসসি)। | এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) মোট জিপিএ ৮.০০ থাকতে হবে। তবে কোন পরীক্ষায় প্রাপ্ত জিপিএ ৩.৫০ এর নিচে নয়। |
| ইউনিট-B (মানবিক শাখা) | মানবিক, মিউজিক, গার্হস্থ্য অর্থনীতি, মাদ্রাসা (সাধারণ, মুজাব্বিদ)। | এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) মোট জিপিএ ৭.০০ থাকতে হবে। তবে কোন পরীক্ষায় প্রাপ্ত জিপিএ ৩.০০ এর নিচে নয়। |
| ইউনিট-C (বাণিজ্য শাখা) | বাণিজ্য, ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজ, এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা), ডিপ্লোমা ইন কমার্স। | এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) মোট জিপিএ ৭.৫০ থাকতে হবে। তবে কোন পরীক্ষায় প্রাপ্ত জিপিএ ৩.০০ এর নিচে নয়। |
| সংগীত, চারুকলা বিভাগ | সকল শাখার শিক্ষার্থী আবেদন করতে পারবে। | এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) মোট জিপিএ ৬.৫০ থাকতে হবে। তবে কোন পরীক্ষায় প্রাপ্ত জিপিএ ৩.০০ এর নিচে নয়। |
| নাট্যকলা, ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগ | | এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) মোট জিপিএ ৭.০০ থাকতে হবে। তবে কোন পরীক্ষায় প্রাপ্ত জিপিএ ৩.০০ এর নিচে নয়। |

সকল ইউনিটের জন্য জিসিই-এর ক্ষেত্রে আইজিসিএসই ('ও' লেভেল) পরীক্ষায় অন্তত ৩টি বিষয়ে B গ্রেডসহ ন্যূনতম ৫টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২০ সনের আইএএল ('এ' লেভেল) পরীক্ষায় অন্তত ২টি বিষয়ে B গ্রেডসহ ৩টি বিষয়ে উত্তীর্ণ হতে হবে।

বিদেশি শিক্ষার্থীদের ভর্তির আবেদনের জন্য HSC/সমমান পরীক্ষায় বাংলাদেশের মানদন্ডে B গ্রেড অথবা ৪.০ এর স্কেলে ৩.০ অথবা ৫.০ এর স্কেলে ৩.৫ থাকতে হবে।

***বি. দ্র.*** : ইউনিট-A (বিজ্ঞান শাখা)-এর শিক্ষার্থীদের ইউনিট-B ও ইউনিট-C এর নির্ধারিত বিষয়সমূহে ভর্তির সুযোগ রয়েছে। তদ্রূপ ইউনিট-C বাণিজ্য শাখার শিক্ষার্থীদের ইউনিট-B মানবিক শাখার নির্ধারিত কয়েকটি বিষয়ে ভর্তির সুযোগ রয়েছে।

সংগীত, চারুকলা, নাট্যকলা, ফিল্ম এন্ড টেলিভিশন-এ ৪টি বিভাগে বিষয়ভিত্তিক ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষা সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নেয়া হবে। পরীক্ষার ধরন সংশ্লিষ্ট বিভাগ ঠিক করবে। এ ৪টি বিভাগের প্রতিটির জন্য পৃথকভাবে আবেদন করতে হবে।

***আবেদন করার সময়সূচি:***

| ***ইউনিট/বিভাগসমূহ*** | ***আবেদনের সময়কাল*** | ***আবেদন ফি*** |
|---|---|---|
| ইউনিট-**A** (বিজ্ঞান শাখা)<br>ইউনিট-**B** (মানবিক শাখা)<br>ইউনিট-**C** (বাণিজ্য শাখা) | ১৫/১১/২০২১ তারিখ বেলা ১২:০০ টা থেকে ২৫/১১/২০২১ তারিখ রাত ১১.৫৯ টা পর্যন্ত। | ৬০০/-+ সার্ভিস চার্জ * |
| সংগীত, চারুকলা, নাট্যকলা, ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগ | ৪টি বিভাগে শুধুমাত্র ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য:<br>১৫/১১/২০২১ তারিখ বেলা ১২:০০ টা থেকে ২৫/১১/২০২১ তারিখ রাত ১১.৫৯ টা পর্যন্ত। | প্রতি বিভাগের জন্য<br>৬০০/-+ সার্ভিস চার্জ * |

bKash অথবা SureCash অথবা Rocket অথবা Nagad মোবাইল ব্যাংকিং অথবা Teletalk এর মাধ্যমে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের আবেদন ফি'র টাকা জমা দেয়া যাবে।

* bKash অথবা Rocket এর মাধ্যমে পেমেন্টের ক্ষেত্রে সার্ভিস চার্জ ১%, SureCash এর মাধ্যমে পেমেন্টের ক্ষেত্রে সার্ভিস চার্জ ১% তবে ৪/- টাকার কম ও ৩০/- টাকার বেশি নয়, Nagad এর ক্ষেত্রে সার্ভিস চার্জ ১%। Teletalk এর ক্ষেত্রে সার্ভিস চার্জ ৮% প্রযোজ্য।

| | |
|---|---|
| সংগীত, চারুকলা, নাট্যকলা ও ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগ | ০৩/১২/২০২১ তারিখ শুক্রবার সকাল ১০.০০ টা থেকে ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষা সংশ্লিষ্ট বিভাগে শুরু হবে। |

***নম্বর বন্টন ও মেধা তালিকা:***

GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষ সমন্বিত ভর্তি পরীক্ষার ১০০ নম্বর, SSC/সমমান থেকে ১০, HSC/সমমান থেকে ১০ ***মোট ১২০*** নম্বরের ভিত্তিতে ***ইউনিট ভিত্তিক মেধা তালিকা*** করা হবে।

সংগীত, চারুকলা, নাট্যকলা ও ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগ এই ৪টি বিভাগের ক্ষেত্রে GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষ সমন্বিত ভর্তি পরীক্ষার ১০০ নম্বর, SSC/সমমান থেকে ১০, HSC/সমমান থেকে ১০, ***ব্যবহারিক ও মৌখিক*** পরীক্ষার ৫০ নম্বরসহ ***মোট ১৭০*** নম্বরের ভিত্তিতে ***প্রতিটি বিভাগের জন্য*** মেধা তালিকা করা হবে।

৫। **আবেদন পদ্ধতি :**

**(ক)** ইউনিট-A বিজ্ঞান শাখা, ইউনিট-B মানবিক শাখা ও ইউনিট-C বাণিজ্য শাখাতে আবেদন করার জন্য http://admission.jnu.ac.bd ওয়েবসাইটে প্রবেশ করে সংশ্লিষ্ট ইউনিট/বিভাগের পাশে আবেদন করার জন্য ক্লিক করতে হবে। login করার জন্য এইচএসসি/সমমান এর বোর্ড, এইচএসসি/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর, এইচএসসি/সমমান এবং এসএসসি/সমমান পরীক্ষার রোল নম্বর, GST ভর্তি পরীক্ষার রোল নম্বর দিতে হবে। উল্লেখিত তথ্যগুলো সঠিকভাবে Input দেয়ার পর Apply এ ক্লিক করতে হবে। প্রদত্ত তথ্য সঠিক হলে পরবর্তী ধাপে যাবে এবং একটি **Payment ID** প্রদর্শিত হবে। এই **Payment ID** পরবর্তীতে ফি জমা দেয়ার জন্য ব্যবহৃত হবে।

**(খ)** আবেদনকারীকে অগ্রাধিকার ভিত্তিতে বিষয় পছন্দ (Subject Choice) দিতে হবে। ওয়েবসাইটে প্রদর্শিত তালিকার সবগুলো বিষয়কেই অগ্রাধিকার অনুযায়ী পছন্দ করতে হবে। অগ্রাধিকারের ভিত্তিতে বিষয় পছন্দ করা খুবই গুরুত্বপূর্ণ। পরবর্তী সময়ে আবেদনকারীর প্রদত্ত বিষয় পছন্দক্রম কোন অবস্থাতেই পরিবর্তন করা যাবে না। তাই ভর্তিচ্ছু শিক্ষার্থীকে ভেবেচিন্তে বিষয় পছন্দক্রম সাজাতে হবে।

**(গ)** পরবর্তী ধাপে কোটা সংক্রান্ত তথ্য দেখাবে। যাদের কোটা নেই তাদের প্রযোজ্য নয় নির্বাচন করতে হবে। যারা কোটায় ভর্তিচ্ছু আবেদনকারী তাদের কোটা সংক্রান্ত নির্ধারিত তথ্য প্রদান করতে হবে, যেমন : মুক্তিযোদ্ধার সন্তান কোটা **(FFQ)/** মুক্তিযোদ্ধার নাতি-নাতনি কোটা **(FFG)** (মুক্তিযোদ্ধার নম্বর প্রদান করতে হবে) / পোষ্য(ওয়ার্ড) কোটা **(WQ)** (পিতা/মাতার **employee id** নম্বর প্রদান করতে হবে)**/** উপজাতি কোটা **(TQ)** (ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রত্যয়ন পত্রের নাম্বার প্রদান করতে হবে) / শারীরিক প্রতিবন্ধী কোটা **(PDQ)** (সমাজসেবা অধিদফতরের আইডি কার্ড এর নাম্বার প্রদান করতে হবে )/ খেলোয়াড় কোটা **(BKSP)**(খেলার ধরণ) উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে আবেদন করার সময় কোটা উল্লেখ না করলে পরবর্তীতে কোটাভুক্তির আবেদন বিবেচনা হবে না। প্রযোজ্য ক্ষেত্রে কোটা সংক্রান্ত সকল তথ্য প্রদান করে পরবর্তী ধাপে যেতে হবে।

**(ঘ)** অতঃপর bKash অথবা SureCash অথবা Rocket অথবা Nagad মোবাইল ব্যাংকিং-অথবা Teletalk এর যে কোন একটি মাধ্যমে ভর্তি জন্য আবেদন ফি ৬০০/-+ সার্ভিস চার্জ জমা দিতে হবে। সার্ভিস চার্জ জমা দেয়ার জন্য প্রদর্শিত Payment ID টি ব্যবহার করতে হবে।

**(ঙ)** পেমেন্ট সম্পন্ন করার পর পূরণকৃত ফরমে যে তথ্য দেয়া হয়েছে তা পুনরায় চেক করতে হবে। মনে রাখতে হবে Final Submit Button-এ Click করার পর পূরণকৃত ফরমের কোন তথ্য পরিবর্তন করা যাবে না। তাই Final Submit Button-এ Click করার আগেই নিশ্চিত হতে হবে যে ফরমটি যথাযথভাবে পূরণ করা হয়েছে। চেক করার পর সকল তথ্য যথাযথ হলে Final Submit Button-এ Click করতে হবে।

(চ) পেমেন্ট সম্পন্ন করার পর Acknowledgement Slip Generate হবে। ভর্তিচ্ছু পরীক্ষার্থীকে Acknowledgement Slip ডাউনলোড করে সংরক্ষন করতে হবে।

(ছ) সংগীত, চারুকলা, নাট্যকলা, ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগে ভর্তির আবেদন পদ্ধতি :

সংগীত, চারুকলা, নাট্যকলা, ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগে আবেদন করার জন্য http://admission.jnu.ac.bd ওয়েবসাইটে প্রবেশ করে সংশ্লিষ্ট বিভাগের পাশে আবেদন করার জন্য ক্লিক করতে হবে। login করার জন্য এইচএসসি/সমমান এর বোর্ড, এইচএসসি/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর, এইচএসসি/সমমান এবং এসএসসি/সমমান পরীক্ষার রোল নম্বর, GST ভর্তি পরীক্ষার রোল নম্বর দিতে হবে। উল্লেখিত তথ্যগুলো সঠিকভাবে Input দেয়ার পর login এ ক্লিক করতে হবে। প্রদত্ত তথ্য সঠিক হলে পরবর্তী ধাপে যাবে এবং একটি Payment ID প্রদর্শিত হবে। একজন আবেদনকারী নিজেকে ব্যবহারিক পরীক্ষার জন্য যোগ্য মনে করলে সংগীত বিভাগ, চারুকলা বিভাগ, নাট্যকলা বিভাগ, ফিল্ম এন্ড টেলিভিশন-এই ৪টি বিভাগেই আলাদাভাবে আবেদন করতে পারবে। প্রতিটি বিভাগে ভর্তি পরীক্ষায় (ব্যবহারিক এবং মৌখিক) অংশগ্রহণ করার জন্য (যোগ্য আবেদনকারীকে) ভর্তি পরীক্ষা ফি বাবদ bKash অথবা SureCash অথবা Rocket অথবা Nagad মোবাইল ব্যাংকিং অথবা Teletalk এর মাধ্যমে নির্ধারিত টাকা জমা দিতে হবে।

৬। **ভর্তির জন্য আবেদন ফি-জমা দেয়ার পদ্ধতি :**

(ক) JnU Admission System হতে প্রদানকৃত Application ID Number ব্যবহার করে bKash অথবা SureCash অথবা Rocket অথবা Nagad মোবাইল ব্যাংকিং-অথবা Teletalk এর যে কোন একটি মাধ্যমে ভর্তি জন্য আবেদন ফি জমা দেয়া যাবে।

15.11.21

(খ) ভর্তি জন্য আবেদন ফি জমা দেয়ার পদ্ধতি :

**bKash-এর মাধ্যমে আবেদন ফি জমা দেয়ার পদ্ধতি**

বিকাশ একাউন্ট আছে এমন মোবাইল ফোন থেকে আবেদন ফি জমা দেয়ার জন্য নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে:

(i) প্রথমে বিকাশ অ্যাপস-এ লগইন করতে হবে।
(ii) পেমেন্ট বাটন-এ ক্লিক করতে হবে।
(iii) মার্চেন্ট এর নাম্বার বা নাম এর স্থানে **01994555666** লিখে Next Button(Arrow) -এ ক্লিক করতে হবে।
(iv) অ্যামাউন্ট এর স্থানে 606 টাকা লিখে Next Button(Arrow)-এ ক্লিক করতে হবে।
(v) রেফারেন্স –এ **Payment Id** লিখতে হবে এবং PIN Number দিয়ে পেমেন্ট সম্পন্ন করতে হবে।
(vi) বিকাশ থেকে প্রাপ্ত মেসেজ এর Trans ID এবং যে নাম্বার থেকে পেমেন্ট করা হয়েছে তা দিয়ে Payment Verify করতে হবে।

**SureCash-এর মাধ্যমে আবেদন ফি জমা দেয়ার পদ্ধতি**

রূপালী ব্যাংক SureCash একাউন্ট আছে এমন মোবাইল ফোন থেকে আবেদন ফি জমা দেয়ার জন্য নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে:

(i) শিওরক্যাশ অ্যাপে লগিইন করে "Payment" Option-এ ক্লিক করতে হবে।
(ii) Payee Account or Keyword or প্রাপক "JNU" লিখে Next-এ ক্লিক করতে হবে।
(iii) Student Id বক্স-এ Payment Id লিখে Next Button-এ ক্লিক করতে হবে।
(iv) Screen-এ name এবং amount দেখা যাবে। ঠিক থাকলে "Next" Button-এ Click করতে হবে।
(v) Payment complete হলে payment status "PAID" হবে।

**Rocket-মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে আবেদন ফি জমা দেয়ার পদ্ধতি**

Rocket মোবাইল ব্যাংকিং একাউন্ট আছে এমন মোবাইল ফোন থেকে আবেদন ফি জমা দেয়ার জন্য নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে:

১। রকেটের অ্যাপ লগইন করে "Bill Pay" Button-এ ক্লিক করতে হবে।
২। Biller Id "8899" লিখে Jagannath University Link-এ ক্লিক করতে হবে।
৩। Student Id বক্স-এ Payment Id লিখে VALIDATE Button-এ ক্লিক করতে হবে।
৪। Screen-এ Name এবং Amount দেখা যাবে। ঠিক থাকলে "Yes" Button-এ Click করতে হবে।
৫। Payment complete হলে payment status "PAID" হবে।

**Nagad-এর মাধ্যমে আবেদন ফি জমা দেয়ার পদ্ধতি**

**Nagad** একাউন্ট আছে এমন মোবাইল ফোন থেকে আবেদন ফি জমা দেয়ার জন্য নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে:

(i) নগদ অ্যাপ লগিইন করে "Bill Pay" Button-এ ক্লিক করতে হবে।
(ii) Biller "1158" লিখে Jagannath University Link-এ ক্লিক করতে হবে।
(iii) Student Id বক্স-এ Payment Id লিখে Next Button-এ ক্লিক করতে হবে।
(iv) Screen-এ name এবং amount দেখা যাবে। ঠিক থাকলে "Next" Button-এ Click করতে হবে।
(v) Payment complete হলে payment status "PAID" হবে।

**Teletalk-এর মাধ্যমে আবেদন ফি জমা দেয়ার পদ্ধতি**

JnU Application Fee Submission Procedure Through Teletalk Prepaid Mobile Number
Applicatio9n Fee with service charge: 109 tk

**1st SMS:**
1st SMS:
JNU PAYMENT_ID & send to 16222
Example: JNU XXXXXX & send to 16222
**Reply**:
Reply:
Thank you .Your application has been received. Your PIN is XXXXXXXX. tk. XXX will be charged as JNU application fee. To pay fee, type JNUYESXXXXXXXX Contact_mobile_no and send to 16222. App. id (XXXXXX).
**2nd SMS:**
JNU YES PIN Contact_mobile_no (any mobile operator) & send to 16222
Example: JNU YES XXXXXXXX 01 XXXXXXXXX
**Reply:**
NAME! Payment completed for Payment ID. XXXXXX. Please keep this msg for future reference. For further query, pls visit http://www.jnu.ac.bd. Money Receipt (XSBFNTEP). Powered by Teletalk.

15.11.21

৭। **২০২০-২০২১** শিক্ষাবর্ষে বিভিন্ন ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগ/ইনস্টিটিউটে আসনসংখ্যা এবং ভর্তির শর্তাবলি:

**ইউনিট-A (বিজ্ঞান অনুষদ এবং লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদ)**

| ক্রম. | বিভাগ | মোট আসন | উচ্চ-মাধ্যমিক/সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন লেটার গ্রেড |
|---|---|---|---|
| ০১ | পদার্থবিজ্ঞান | ৮০ | মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় মোট জিপিএ ৮.৫, তবে কোন পরীক্ষায় জিপিএ ৩.৫ এর নিচে নয়।<br>উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় পদার্থবিজ্ঞান **A-** এবং গণিত **A-** |
| ০২ | রসায়ন | ৮০ | রসায়ন **A-**, গণিত **B** এবং পদার্থবিজ্ঞান **B** |
| ০৩ | গণিত | ৮০ | গণিত/উচ্চতর গণিত **A-** |
| ০৪ | পরিসংখ্যান | ৮০ | গণিত **A-** |
| ০৫ | প্রাণিবিদ্যা | ৮০ | জীববিজ্ঞান **B** |
| ০৬ | উদ্ভিদবিজ্ঞান | ৮০ | জীববিজ্ঞান **B** এবং রসায়ন **B** |
| ০৭ | ভূগোল ও পরিবেশ | ৮০ | প্রযোজ্য নয় |
| ০৮ | মনোবিজ্ঞান | ৮০ | |
| ০৯ | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | ৫০ | পদার্থবিজ্ঞান **A+**, গণিত **A+** **এবং অন্যান্য বিষয়ে A** |
| **১০** | অনুজীব বিজ্ঞান | ৪০ | জীববিজ্ঞান **A-**, রসায়ন **A-** এবং ইংরেজি **A-** |
| ১১ | ফার্মেসী | ৩৫ | রসায়ন **A**, জীববিজ্ঞান **A**, গণিত **A** এবং ইংরেজি **A** |
| ১২ | প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান | ৩০ | রসায়ন **A**, জীববিজ্ঞান/গণিত **A-**, পদার্থবিজ্ঞান **A-** এবং ইংরেজি **A-** |
| ১৩ | জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি | ৩০ | রসায়ন **A-**, জীববিজ্ঞান **A** এবং ইংরেজি **A** |
| | **মোট** | **৮২৫** | |

## ইউনিট-B [কলা অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, আইন অনুষদ, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (আইইআর) এবং ইনস্টিটিউট অব মডার্ন ল্যাংগুয়েজেস (আইএমএল)]

| ক্রম. | বিভাগ/ইনস্টিটিউট | মোট আসন | শাখাভিত্তিক আসন | | | উচ্চ-মাধ্যমিক/সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন লেটার গ্রেড |
|---|---|---|---|---|---|---|
| | | | মানবিক | বিজ্ঞান | বাণিজ্য ও অন্যান্য | |
| ০১ | বাংলা | ৮০ | ৬০ | ১০ | ১০ | বাংলা (২০০ নম্বরের পরীক্ষায়) **B** |
| ০২ | ইংরেজি | ৮০ | ৪০ | ২৫ | ১৫ | ইংরেজি (২০০ নম্বরের পরীক্ষায়) **A-** |
| ০৩ | ইতিহাস | ৮০ | ৭০ | ১০ | - | প্রযোজ্য নয় |
| ০৪ | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ৮০ | ৭০ | ১০ | - | |
| ০৫ | ইসলামিক স্টাডিজ | ৮০ | ৭০ | ১০ | - | |
| ০৬ | দর্শন | ৮০ | ৬০ | ২০ | - | |
| ০৭ | আইন | ৮০ | ৩০ | ৩০ | ২০ | i. বাংলা ও ইংরেজি ২০০ নম্বরের পরীক্ষায় নূন্যতম **B** থাকতে হবে। ii. অর্থনীতি বিভাগে ভর্তির জন্য উচ্চ-মাধ্যমিকে গণিত অথবা অর্থনীতি অথবা পরিসংখ্যান অথবা হিসাববিজ্ঞানে **B** থাকতে হবে। |
| ০৮ | ভূমি ব্যবস্থাপনা ও আইন | ৬০ | ৪০ | ১০ | ১০ | |
| ০৯ | এডুকেশন (আই.ই.আর.) | ৫০ | ২৫ | ১৫ | ১০ | |
| ১০ | ইংলিশ ল্যাংগুয়েজ (আই.এম.এল.) | ৪০ | ২০ | ১০ | ১০ | |
| ১১ | অর্থনীতি | ৮০ | ৩৫ | ৪০ | ৫ | |
| ১২ | রাষ্ট্রবিজ্ঞান | ৮০ | ৫০ | ২০ | ১০ | |
| ১৩ | সমাজবিজ্ঞান | ৮০ | ৬০ | ১০ | ১০ | |
| ১৪ | সমাজকর্ম | ৮০ | ৬০ | ১০ | ১০ | |
| ১৫ | নৃবিজ্ঞান | ৮০ | ৬০ | ১০ | ১০ | |
| ১৬ | গণযোগাযোগ ও সাংবাদিকতা | ৮০ | ৬০ | ১০ | ১০ | |
| ১৭ | লোকপ্রশাসন | ৮০ | ৪০ | ২০ | ২০ | |
| | **মোট** | **১২৭০** | **৮৫০** | **২৭০** | **১৫০** | |

## ইউনিট-C (বিজনেস স্টাডিজ অনুষদ)

| ক্রম. | বিভাগ | মোট আসন | শাখাভিত্তিক আসন | | | উচ্চ মাধমিক/সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন লেটার গ্রেড |
|---|---|---|---|---|---|---|
| | | | বাণিজ্য | মানবিক | বিজ্ঞান ও অন্যান্য | |
| ০১ | একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্ | ১৬০ | ১৪০ | - | ২০ | বিজ্ঞান ও অন্য শাখা থেকে আগত পরীক্ষার্থীর গণিত অথবা পরিসংখ্যানে **B** থাকতে হবে। |
| ০২ | ম্যানেজমেন্ট স্টাডিজ | ১৬০ | ১৪০ | - | ২০ | |
| ০৩ | মার্কেটিং | ১০০ | ৯০ | - | ১০ | |
| ০৪ | ফিন্যান্স | ১০০ | ৯০ | - | ১০ | |
| | **মোট** | **৫২০** | **৪৬০** | **-** | **৬০** | - |

## বিশেষায়িত বিভাগসমূহ

| ক্রম. | বিভাগ | মোট আসন | শাখাভিত্তিক আসন | উচ্চ-মাধ্যমিক/সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন লেটার গ্রেড |
|---|---|---|---|---|
| ০১ | সংগীত | ৪০ | **সকল শাখার জন্য উন্মুক্ত** | প্রযোজ্য নয় |
| ০২ | চারুকলা | ৪০ | | |
| ০৩ | নাট্যকলা | ৪০ | | বাংলা ও ইংরেজি (২০০ নম্বরের পরীক্ষায়) প্রতি বিষয়ে নূন্যতম **B** থাকতে হবে। |
| ০৪ | ফিল্ম এন্ড টেলিভিশন | ৩০ | | |
| | **মোট** | **১৫০** | | |

৮। স্বয়ংক্রিয় বিভাগ পরিবর্তন (Auto-migration) :

ভর্তির জন্য নির্বাচিত হয়ে কোন বিভাগে ভর্তি হলে পরে বিধি মোতাবেক শিক্ষার্থীর দেয়া বিষয় পছন্দক্রমের অগ্রাধিকার তালিকা অনুযায়ী স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন (Auto-migration) হয়ে থাকে। তবে কোন শিক্ষার্থী ইচ্ছে করলে স্বয়ংক্রিয় বিভাগ পরিবর্তন (Auto-migration) প্রক্রিয়া থেকে অব্যাহতি নিতে পারবে। সেক্ষেত্রে তাকে তার জন্য নির্বাচিত বিভাগে ভর্তি হতে হবে এবং ভর্তি হওয়ার পর তাকে এই মর্মে লিখিত আবেদন করতে হবে যে, সে স্বয়ংক্রিয় বিভাগ পরিবর্তন (Auto-migration) থেকে অব্যাহতি চায় অর্থাৎ যে বিভাগে সে ভর্তি হয়েছে সেই বিভাগেই থাকতে ইচ্ছুক। উল্লেখ্য নির্বাচিত বিভাগে ভর্তি হয়ে ভর্তির জন্য নির্ধারিত সময়ের মধ্যেই স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তনের (Auto-migration) প্রক্রিয়া থেকে অব্যাহতি চাইতে হবে। তা না করলে যথারীতি বিধি মোতাবেক স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন হবে এবং শিক্ষার্থীকে তা অবশ্যই মেনে নিতে হবে।

৯। ভর্তির সময় শিক্ষার্থীর প্রয়োজনীয় কাগজপত্র :

ভর্তির সময় শিক্ষার্থীদের নিম্নোক্ত কাগজপত্রগুলো মনোনয়ন প্রাপ্ত বিভাগে জমা দিতে হবে-

i. গুচ্ছের ভর্তি পরীক্ষার হলে প্রত্যবেক্ষক (Invigilator) কর্তৃক স্বাক্ষরিত **Admit Card**;
ii. সম্প্রতি তোলা ০৪ ***(চার) কপি*** পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
iii. **Online** হতে প্রিন্টকৃত ভর্তি ফরম।

১০। (ক) <u>কোটায় ভর্তি</u> :

মুক্তিযোদ্ধা, প্রতিবন্ধী, উপজাতি এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারিবৃন্দের সন্তান/স্বামী/স্ত্রী পোষ্য (WARD) কোটায় আবেদন করতে পারবে। কোটার আওতায় ভর্তির জন্য আবেদন করলে, পোষ্য (WARD) কোটার ক্ষেত্রে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রদত্ত প্রত্যয়নপত্র, মুক্তিযোদ্ধার সন্তান কোটার ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদ, নাতি-নাতনি প্রমাণের জন্য পিতামহ/মাতামহের এসএসসি পাশের সনদ, নিকাহ্নামা এবং তাঁদের জাতীয় পরিচয়পত্র, উপজাতি বা ক্ষুদ্র নৃগোষ্ঠী কোটার ক্ষেত্রে স্ব স্ব উপজাতি প্রধান এবং জেলা প্রশাসক প্রদত্ত সনদ, প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সরকারের সংশ্লিষ্ট বিভাগ/কর্তৃপক্ষ থেকে নিবন্ধন/প্রমাণপত্র অবশ্যই জমা দিতে হবে। খেলোয়াড় কোটায় শুধুমাত্র বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (BKSP) থেকে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী আবেদন করতে পারবে। এক্ষেত্রে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (BKSP) কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র জমা দিতে হবে। ভর্তির ক্ষেত্রে ভর্তির ন্যূনতম যোগ্যতাসহ অন্যান্য শর্তাবলি পূরণ করতে হবে। কোটায় ভর্তির হার নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| (খ) (i) মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার নাতি-নাতনি | : | ৫% (প্রথমে মুক্তিযোদ্ধার সন্তান ভর্তির সুযোগ পাবে। মুক্তিযোদ্ধার সন্তান পাওয়া না গেলে মুক্তিযোদ্ধার নাতি-নাতনি সুযোগ পাবে)। |
| (ii) উপজাতি / প্রতিবন্ধী | : | ১% |
| (iii) পোষ্য (WARD) | : | প্রতি বিভাগে ২ জনের অধিক নয়। |
| (iv) খেলোয়াড় | : | সর্বোচ্চ ১০ জন, তবে কোন বিভাগে ০১(এক) জনের অধিক নয়। |

(v) কোটার সপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচনের ০৭ (সাত) দিনের মধ্যে কেন্দ্রীয় ভর্তি কমিটির সদস্য-সচিব রেজিস্ট্রার-এর অফিসে জমা দিতে হবে।

<u>কোটায় ভর্তিচ্ছু প্রার্থীদের আবেদনের সময় অবশ্যই কোটা (কোটার ধরন) উল্লেখ করতে হবে। পরবর্তী সময়ে কোটায় অন্তর্ভুক্তির জন্য অথবা কোটা পরিবর্তনের জন্য কোন আবেদন বিবেচনা করা হবে না।</u>

(গ) আবেদন করতে ইচ্ছুক বিদেশি শিক্ষার্থীদের প্রয়োজনীয় কাগজ-প্রত্রের কপি মূল্যায়নের জন্য registrar@jnu.ac.bd তে ইমেইল মারফত অথবা সদস্য-সচিব, 'কেন্দ্রীয় ভর্তি কমিটি' ও রেজিস্ট্রার, জবি'র দপ্তরে জমা দিতে হবে। ***পাঠানোর তারিখ পরবর্তীতে ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে।*** মূল্যায়নের পর তাদের সার্টিফিকেট ভর্তির যোগ্যতার মানদন্ডে সঠিক আছে কি-না তা জানানো হবে। আবেদনকৃতদের মধ্য থেকে মেধার ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। উল্লেখ্য যে, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের ০১ জানুয়ারী ২০১৯ এ জারিকৃত পত্র (ইউজিসি প্রশাঃ৪(৪)/৭৩/১১-২(পার্ট ফিলে)/১২, তারিখঃ ১৭ জানুয়ারি ২০১৯) অনুযায়ী মনোনীত বিদেশি আবেদনকারীকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয়ের অনুমতিপত্র গ্রহণ করতে হবে।

১১। ***<u>বিবিধ</u>*** :

ক) ভর্তি প্রক্রিয়ার যে কোন স্তরে এবং ভর্তি পরবর্তী যে কোন স্তরে অনিয়ম/অযোগ্যতা/দুর্নীতি ধরা পড়লে ভর্তি বাতিল করা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
খ) পরীক্ষায় অসদুপায় অবলম্বনের কোন অভিযোগ প্রমাণিত হলে পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।
গ) ভর্তি সংক্রান্ত নিয়ম নীতির যে কোন ধারা ও উপধারা পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও সংযোজনের ক্ষমতা কেন্দ্রীয় ভর্তি কমিটি সংরক্ষণ করে।
ঘ) ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (http://admission.jnu.ac.bd)-এ পাওয়া যাবে।

১৩। ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের প্রথম মেধা তালিকা প্রকাশের সম্ভাব্য তারিখ ০১/১২/২০২১। মেধা তালিকার ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি করা হবে।

২৪/১১/২১

*(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)*
রেজিস্ট্রার